

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
উপপরিচালকের কার্যালয়
সীম্যান্স হোস্টেল
দক্ষিণ হালিশহর
বন্দর, চট্টগ্রাম।
www.dsw.portal.gov.bd

জনবলের বিবরণ

ক্রঃ নং	পদের নাম	পদের শ্রেণী/বিভাগ	অনুমোদিত পদের সংখ্যা	নিয়োজিত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
০১.	উপপরিচালক	১ম শ্রেণী	০১	০১	--
০২.	তত্ত্বাবধায়ক	৩য় শ্রেণী	০১	০১	--
০৩.	হিসাব রক্ষক কাম-ক্যাশিয়ার	৩য় শ্রেণী	০১	০১	--
০৪.	উচ্চমান সহকারী	৩য় শ্রেণী	০১	০১	--
০৫.	সাঁটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর	৩য় শ্রেণী	০১	০১	--
০৬.	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩য় শ্রেণী	০১	০১	--
০৭.	সিনেমা অপারেটর	৩য় শ্রেণী	০১	০১	--
০৮.	মাইক্রোবাস ড্রাইভার	৩য় শ্রেণী	০১	--	০১
০৯.	অফিস সহায়ক	৪র্থ শ্রেণী	০৮	০৮	--
১০.	নিরাপত্তা প্রহরী	৪র্থ শ্রেণী	০৬	০৬	--
১১.	পরিচ্ছন্নতা কর্মী	৪র্থ শ্রেণী	০৪	০৪	--
		মোট=	২৬	২৫	০১

Charter of Duties

DEPUTY DIRECTOR:

1. To act in the place of Director when he is away on tour;
2. To assist the Director in his works, to perform the works as allocated to him by the Director ;
3. To attend under the control and supervision of the Director, all the welfare works connected with the merchant seamen at the ports;
4. To control and supervise the running of the Seamen's Hostel, Chittagong; and
5. To visit ships calling at the ports of Bangladesh to check provisions of stores, accommodation, weights and measures, medical arrangement etc. (statutory).

এক নজরে সীম্যাপ হোস্টেল

সীম্যাপ হোস্টেল সৃষ্টিঃ

আন্তর্জাতিক শ্রম সংস্থা আই.এল.ও এর ১৯৩৬ইং সনের ৪৮নং নাবিক কল্যাণ সংক্রান্ত সুপারিশ সমূহ বাস্তবায়নের লক্ষ্যে বৃটিশ শাসন আমলে তৎকালীন কেন্দ্রীয় সরকারের অধীনে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর (Directorate of Seamen & Emigration Welfare) সৃষ্টি হয়। উক্ত সুপারিশের আলোকে এবং নাবিক কল্যাণ সংক্রান্ত সুপারিশ সমূহ বাস্তবায়নের লক্ষ্যে নাবিক ও নৌ কর্মকর্তাদের আবাসিক সুবিধা প্রদানের জন্য নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর অধীনে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আগত নাবিক ও নৌ কর্মকর্তাদের আবাসনের জন্য একটি আবাসিক হোস্টেল নির্মানের জন্য তৎকালীন সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন। তারি ধারাবাহিকতায় ভূমি অধিগ্রহণ করতঃ বিগত ২০-০১-১৯৬২ খ্রিঃ তারিখে তৎকালীন স্বাস্থ্য ও সমাজ কল্যাণ মন্ত্রি লেঃ জেঃ ডব্লিউ.এ.বাকী কর্তৃক ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় এবং নির্মাণ শেষে ২৪-০১-১৯৬৫খ্রিঃ তারিখে নির্মিত সীম্যাপ হোস্টেলটিতে দেশী-বিদেশী নাবিক ও নৌ-কর্মকর্তাদের অবস্থানের জন্য উন্মুক্ত করা হয়।

প্রাপ্ত সুবিধাদিঃ

দেশের প্রত্যন্ত অঞ্চল হতে চট্টগ্রামে আগত এবং জাহাজের চাকরি হতে নিষ্কৃতির পর দেশের প্রত্যন্ত অঞ্চলে গমনের অপেক্ষারত নাবিকদের সাময়িক আবাসন প্রদান কল্পে দেশের একমাত্র সরকারি সীম্যাপ হোস্টেল পরিচালনা করে আসছে। উক্ত হোস্টেলের মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত স্বল্পমূল্যে নাবিকদের আবাসনের ব্যবস্থা করে আসছে। সীম্যাপ হোস্টেল কর্তৃপক্ষ হোস্টেলে অবস্থানরত নাবিক নৌ-কর্মকর্তাদের চিকিৎসা, চিত্তবিনোদনের সুবিধা, লাইব্রেরী সুবিধা, ইনডোর গেইমস সুবিধা এবং ওয়াইফাই সুবিধা প্রদান করে আসছে। ওয়াইফাই সুবিধা থাকায় হোস্টেলে অবস্থানরত নাবিক ও নৌ কর্মকর্তাগন অনলাইনে নাবিক নিয়োগকারী দেশী বিদেশী শিপিং এজেন্টদের সাথে যোগাযোগ করে চাকরি খোজা থেকে শুরু করে চাকরিতে যোগদানে সংক্রান্ত সকল সুবিধা ও সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশের সকল সুবিধা ভোগ করে আসছেন।

ইন্টারন্যাশনাল সীফ্যার্স ডপ-ইন সেন্টারঃ

বন্দরে আগত সীফ্যার্সদের বিভিন্ন কল্যাণমূলক সুবিধা প্রদানের জন্য পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতসহ পৃথিবীর বিভিন্ন দেশে ইন্টারন্যাশনাল সীফ্যার্স ডপ-ইন সেন্টার/সীফ্যার্স সেন্টার গড়ে তোলা হয়েছে। বাংলাদেশের চট্টগ্রাম বন্দরে আগত নাবিকদের বিভিন্ন কল্যাণমূলক সুবিধা প্রদানের জন্য আই.টি.এফ ট্রাস্ট ফান্ড এর অর্থায়নে ১৩-০১-২০১১খ্রিঃ তারিখ হতে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরাদ্বারা সীম্যাপ হোস্টেলে ইন্টারন্যাশনাল সীফ্যার্স ডপ-ইন সেন্টার চালু হয়েছে। ইন্টারন্যাশনাল সীফ্যার্স ডপ-ইন সেন্টারটির মাধ্যমে বন্দরে আগত সীফ্যার্সদের নিম্নোক্ত কল্যাণমূলক সুবিধাদি প্রদান করা হয়ে আসছেঃ

- (ক) চট্টগ্রাম শহরের বিভিন্ন শপিং মল ও ধর্মীয় প্রতিষ্ঠানালয়ে গমনের ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা প্রদান;
- (খ) ইন্টারনেট ব্যবহার ও ইনডোর গেইমস সুবিধা প্রদান;
- (গ) টেলিফোন ব্যবহারের সুবিধা প্রদান;
- (ঘ) চিকিৎসা সুবিধা প্রদান।